যুগান্তর

তারিখ ... 30 JUN 2016 ...
পৃষ্ঠা ..২.৩.. কলাম ...২... ......

রাজশাহীর দুর্গাপুর বেলঘরিয়া বিদ্যালয়

# টাকার জন্য ১০৯ শিক্ষার্থীর মার্কশিট আটক

**রাজশাহী ব্যুরো**

রাজশাহীর দুর্গাপুরের বেলঘরিয়া উচ্চ বিদ্যালয়ে এসএসসি উত্তীর্ণ শিক্ষার্থীদের মার্কশিট আটকে ৩০০ টাকা করে আদায়ের অভিযোগ পাওয়া গেছে। স্কুলের প্রধান শিক্ষকের বিরুদ্ধে এই অভিযোগ করেছেন শিক্ষার্থী ও অভিভাবকরা। এই মার্কশিট বাণিজ্যের অভিযোগ দেয়া হয়েছে উপজেলা নির্বাহী অফিসারকেও। তবে স্কুলের প্রধান শিক্ষক আবদুস সাত্তার বলেছেন, স্কুলের প্রচুর ঋণ আছে। স্কুলের উন্নয়নের জন্য এই টাকা নেয়া হচ্ছে। শিক্ষার্থী ও অভিভাবকরা অভিযোগে জানায়, বেলঘরিয়া উচ্চ বিদ্যালয় থেকে এসএসসি পরীক্ষায় ১২১ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়। সম্প্রতি উত্তীর্ণ শিক্ষার্থীরা বিভিন্ন কলেজে অনলাইনে ভর্তির জন্য নির্বাচিত হয়। আর ভর্তির প্রয়োজনে তাদের মার্কশিটের দরকার পড়ে। শিক্ষার্থীরা স্কুলে মার্কশিট নিতে গেলে তাদের প্রত্যেকের কাছ থেকে বাধ্যতামূলকভাবে ৩০০ টাকা করে আদায় করার সিদ্ধান্তের কথা জানানো হয়। অনেকেই ইতিমধ্যে ৩০০ টাকা পরিশোধ করে মার্কশিট নিয়েছে। আবার অনেকেই টাকার জন্য নিতে পারেনি। যারা টাকা দিতে পারছে না, তাদের মার্কশিট আটকে রাখা হচ্ছে। বুধবার পর্যন্ত স্কুলের উত্তীর্ণ ১২১ শিক্ষার্থীর মধ্যে ১২ জন মার্কশিট নিলেও বাকি ১০৯ জনের মার্কশিট টাকার জন্য আটকে রেখেছেন স্কুল কর্তৃপক্ষ। বেলঘরিয়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুস সাত্তার জানান, আমাদের বিদ্যালয়ে বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য বর্তমানে ঋণে জর্জরিত। টাকা নেয়া হচ্ছে সত্য। তবে এটা মার্কশিটের জন্য না। আমরা প্রতিষ্ঠানের উন্নয়ন খাতে এই টাকা নিচ্ছি।

এদিকে দুর্গাপুর উপজেলা ম্যাধমিক শিক্ষা কর্মকর্তা লায়লা আখতার জাহান জানান, মার্কশিটের জন্য প্রতিষ্ঠান কোনো টাকা নিতে পারবে না। এটা পুরোপুরি সরকারের বিদ্যমান আইনের পরিপন্থী। ভুক্তভোগী শিক্ষার্থী ও অভিভাবকরা নির্দিষ্ট করে অভিযোগ দিলে স্কুল কর্তৃপক্ষের বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে।